

সমবেত স্বর

আজ মুছে গেছে
সমবেত সামগান মুছে গেছে

হৃৎপিণ্ডে থাবা দিয়ে কেউ তুলে নিয়ে গেছে
সেই রক্ত, যা শুদ্ধ ছিল

হৃৎপিণ্ডে থাবা দিয়ে কেউ তুলে নিয়ে গেছে
মহৎ হৃদয়

এখন আলোর মিনার থেকে কথার ফুলঝুরি
ছিটকে বেরোয়, আর্তনাদ করে হাজার মাইক্রোফোন,
মিছিলের পর মিছিল বেরোয় পদচিহ্নহীন
কথাতেই দেশোদ্ধার হয়, কাজ নয়,
শুধু কথা জমে উঠে ফাইলবন্দী কাগজের স্তম্ভ

যদি ছুটে যেতো
যদি উদ্যত হত
তবে, নেতারা শাসিত হত

যদি ফুঁসে উঠতো
দেশ আমাদেরই হত, আমাদের মতো

এখন শূন্যের ভিতরে হাত উঁচিয়ে রেখেছি।

উৎসব চৌধুরী

